Stop and Search – Know Your Rights

You or a vehicle that you are in can be stopped and searched if an officer has reasonable grounds to suspect that you are carrying:

- Drugs, weapons or stolen property; or
- Items which could be used to commit a crime.

Police officers can stop and search you within a specific area without any reasonable grounds if it is believed that:

- Serious violence could take place; or
- Offensive weapons are being carried or have been used.

Police officers can stop and search you for evidence or articles in connection with terrorism. They will need to have reasonable grounds that they will find what they are looking for, unless particular powers have been authorised under Section 47A of the Terrorism Act 2000.

Police officers don't always have to be in uniform to stop and search you. Police community support officers can also stop and search you in some situations, but their powers are limited.

Any officer who stops and searches you must always explain:

- Why you are being stopped and searched
- What the officer is looking for
- The law under which you are being searched; and
- Your right to a receipt.

You should always be given the name or identity number and the station of the officer searching you.

If you are searched but not arrested, you have the right to a receipt and the officer must record the following details:

- How you describe your ethnic background;
- When and where you were stopped and searched;
- Why you were stopped and searched;
- The name and / or number of the officer carrying out the search; and
- What they were searching for.

You will be offered either a copy of the record if it was written down in paper form, or an actual receipt if the record was made electronically or via the officer's radio. You can use the receipt to ask for a paper or electronic copy of the full record from the police station that the officer was from within three months of the stop, or to make a complaint.

If you are searched and then arrested, the details of the search will be added to your custody record. You still have a right to a copy of the search record. You can be asked to take off your coat, jacket and gloves in public (and headgear and footwear if you are searched under Section 47A of the Terrorism Act 2000).

If you are asked to remove more than an outer coat, jacket or anything worn for religious reasons, you will be taken somewhere out of public view.

Searches will normally be done by an officer of the same sex as you, although you can be asked to remove headgear by an officer of the opposite sex for searches under Section 47A of the Terrorism Act 2000.

You should always be treated fairly and with respect. If you feel this has not happened you can complain.

You can also complain if you feel you were treated less favourably because of your age, disability, gender reassignment, race, religion / belief, sex or sexual orientation.

It will help if you keep the receipt that the officer gave you.

Remember:

- **You must be treated fairly**
- **You must be told why you are being searched**
- **You do not have to give any personal information unless you have been arrested**
- **Stop and search is not an arrest – you won't get a criminal record**
- **You must be offered, and can receive, a copy of the stop and search record or a receipt**
- **You have the right to complain**

The Police and Crime Commissioner for Gwent

The Police and Crime Commissioner is responsible for policing in our area. He monitors the use of stop and search powers by Gwent Police and holds the Force to account.

If you are stopped and searched in Gwent you can tell us about your experience. Visit the Stop and Search pages on our website:

www.gwent.pcc.police.uk

to help improve the way stop and search is carried in our area.

If you feel you have been treated unfairly during a search you can make a complaint by emailing:

professionalstandards@gwent.pnn.police.uk

or you contact the Commissioner's office at:

commissioner@gwent.pnn.police.uk

Swyddfa Comisiynydd Yr Heddlu a Throseddu
GWENT
Office of Police and Crime Commissioner

1336_01

থামানো এবং তল্লাশি করা

আপনার অধিকার সম্পর্কে জানুন

থামানো এবং তল্লাশি করা একটি মূল্যবান পুলিশি হাতিয়ার যা আমাদের কমিউনিটিকে নিরাপদ রাখতে সাহায্য করে। পুলিশ কর্মকর্তাদেরকে অপরাধ প্রতিরোধে এবং অপরাধীদের ধরতে সাহায্য করার প্রত্যেকেরই দায়িত্ব রয়েছে; থামানো এবং তল্লাশি করা যেন সঠিকভাবে ব্যবহৃত হয় তা নিশ্চিত করার জন্য জনগণের সহায়তা অপরিহার্য।

পুলিশেরা জানেন যে তল্লাশি করাটা যে কোন কারোর জন্যই অসুবিধাজনক আর তাই এই অভিজ্ঞতাটা যতটা সম্ভব সংক্ষিপ্ত হওয়া উচিত। কিন্তু জননিরাপত্তার স্বার্থে তল্লাশি বিস্তারিত হওয়া উচিত। যদি আপনি শান্ত থাকার চেষ্টা করেন এবং কর্মকর্তাদের সাথে সহযোগিতা করেন তবে এটা প্রক্রিয়াটির গতি বাড়াতে সাহায্য করবে।

Swyddfa Comisiynydd Yr Heddlu a Throseddu
GWENT
Office of Police and Crime Commissioner

স্টপ অ্যান্ড সার্চ (থামানো এবং তল্লাশি করা) – আপনার অধিকার সম্পর্কে জানুন

আপনাকে বা আপনি যে গাড়িতে আছেন সেটাকে থামানো এবং তল্লাশি করা হতে পারে যদি একজন পুলিশ কর্মকর্তার সন্দেহ করার মতো যুক্তিসংগত কারণ থাকে যে আপনি বহন করছেন:

- মাদক দ্রব্য, অস্ত্র বা চোরাইকৃত সামগ্রী; বা
- দুষ্কর্মে ব্যবহার করা যেতে পারে এমন ধরনের দ্রব্যাদি।

পুলিশ কর্মকর্তা কোন যুক্তিসংগত কারণ ছাড়া একটি নির্দিষ্ট এলাকার মধ্যে আপনাকে থামাতে এবং তল্লাশি করতে পারেন যদি তিনি বিশ্বাস করেন যে:

- গুরুতর সহিংসতা হতে পারে; বা
- আক্রমণাত্মক অস্ত্র বহন করা হচ্ছে বা ব্যবহার করা হয়েছে।

পুলিশ কর্মকর্তা সন্ত্রাসবাদের সাথে সম্পৃক্ত প্রমাণ বা জিনিসপত্রের জন্য আপনাকে থামাতে এবং তল্লাশি করতে পারেন। তাদের যুক্তিসংগত ভিত্তি থাকতে হবে যে তারা যা খুঁজছেন তা পাবেন, অন্যথায় যদি না তারা টেররিজম অ্যাক্ট 2000-এর সেকশন 47A-এর অধীনে বিশেষ ক্ষমতার অনুমতিপ্রাপ্ত হন।

আপনাকে থামানো এবং তল্লাশি করার জন্য পুলিশ কর্মকর্তাকে সবসময় ইউনিফর্ম পরা অবস্থায় থাকতে হবে না। পুলিশ কমিউনিটি সাপোর্ট কর্মকর্তারাও আপনাকে কোন কোন পরিস্থিতিতে থামাতে এবং তল্লাশি করতে পারেন, কিন্তু তাদের ক্ষমতা সীমিত।

একজন কর্মকর্তা যিনি আপনাকে থামাবেন এবং তল্লাশি করবেন তাকে অবশ্যই ব্যাখ্যা করতে হবে:

- কেন আপনাকে থামানো হয়েছে এবং তল্লাশি করা হচ্ছে;
- কর্মকর্তা কী খুঁজছেন;
- কোন আইনের অধীনে আপনাকে তল্লাশি করা হচ্ছে; এবং
- আপনার রিসিট পাবার অধিকার।

যে কর্মকর্তা আপনাকে তল্লাশি করছেন তার নাম বা আইডেন্টিটি নম্বর এবং স্টেশনের নাম সর্বক্ষেত্রেই আপনাকে দিতে হবে।

যদি আপনার তল্লাশি নেয়া হয়, কিন্তু গ্রেপ্তার করা না হয়, সেক্ষেত্রে আপনার একটি রিসিট পাবার অধিকার থাকবে এবং কর্মকর্তাকে অবশ্যই নিম্নলিখিত বিবরণগুলো লিপিবদ্ধ করতে হবে:

- কীভাবে আপনি আপনার জাতিগত পটভূমি বর্ণনা করেন;
- কখন এবং কোথায় আপনাকে থামানো এবং তল্লাশি করা হয়েছিল;
- কেন আপনাকে থামানো এবং তল্লাশি করা হয়েছিল;
- যে কর্মকর্তা তল্লাশি করেছিলেন তার নাম এবং/বা নম্বর; এবং
- তারা কী খুঁজছিলেন।

আপনাকে রেকর্ডের একটি কপি দেওয়া হবে যদি এটা কাগজে লিপিবদ্ধ করা হয়ে থাকে, বা একটি সত্যিকারের রিসিট দেওয়া হবে যদি রেকর্ড ইলেক্ট্রনিক্যালি বা কর্মকর্তার রেডিও-এর মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। যে স্টেশনের পুলিশ কর্মকর্তা ছিলেন সেই স্টেশন থেকে তিন মাসের মধ্যে এই থামানোর ব্যাপারে সম্পূর্ণ রেকর্ডের জন্য কাগজে লিপিবদ্ধ বা ইলেক্ট্রনিক প্রতিলিপির জন্য বা অভিযোগ দায়ের করার জন্য আপনি এই রিসিটটি ব্যবহার করতে পারেন।

যদি আপনাকে তল্লাশি করা হয় এবং তারপর গ্রেফতার করা হয়, সেক্ষেত্রে তল্লাশির বিবরণ আপনার কাস্টডি রেকর্ডে যোগ করা হবে। আপনার তখনও তল্লাশি করার রেকর্ডের একটি প্রতিলিপি পাবার অধিকার থাকবে।

আপনাকে প্রকাশ্যেই কোট, জ্যাকেট এবং গ্লাভস খুলতে বলা হতে পারে (যদি টেররিজম অ্যাক্ট 2000-এর সেকশন 47A-এর অধীনে তল্লাশি করা হয় সেক্ষেত্রে মাথার আবরণ এবং পায়ের জুতা খুলতে বলা হতে পারে)।

যদি আপনাকে বাইরের কোট, জ্যাকেট বা ধর্মীয় কারণে পরে থাকা কোন কিছুর বাইরে আরও বেশী কিছু খুলতে বলা হয়, সেক্ষেত্রে আপনাকে জনসমক্ষের আড়ালে কোথাও নিয়ে যাওয়া হবে।

তল্লাশি সাধারণত আপনার সমলিঙ্গের কর্মকর্তার দ্বারাই করা হবে, যদিও টেররিজম অ্যাক্ট 2000-এর সেকশন 47A-এর অধীনে তল্লাশির জন্য বিপরীত লিঙ্গের কর্মকর্তা আপনাকে মাথার আবরণ খুলে ফেলতে বলতে পারেন।

তাদের আপনার সাথে সবসময় ভালোভাবে এবং সম্মানের সঙ্গে ব্যবহার করা উচিত। যদি আপনি মনে করেন যে আপনার সাথে তা করা হয়নি তবে আপনি অভিযোগ করতে পারেন।

যদি আপনি মনে করেন যে আপনার বয়স, অক্ষমতা, লিঙ্গ পুর্ননির্ধারণ, জাতি, ধর্ম/ধর্মবিশ্বাস, যৌনতা বা যৌন পছন্দের জন্য আপনার সাথে খারাপ আচরণ করা হয়েছে সেক্ষেত্রেও আপনি অভিযোগ করতে পারেন।

কর্মকর্তার দেওয়া রিসিটটি যদি আপনি রেখে দেন তবে এটা সাহায্য করবে।

মনে রাখবেন:

- আপনার সাথে অবশ্যই ভালো ব্যবহার করতে হবে
- কেন আপনার তল্লাশি করা হচ্ছে তা অবশ্যই আপনাকে বলতে হবে
- আপনাকে গ্রেপ্তার না করা পর্যন্ত আপনাকে কোন ব্যক্তিগত তথ্য দিতে হবে না
- থামানো এবং তল্লাশি করা গ্রেপ্তার করা নয় – আপনার কোন অপরাধ রেকর্ড হবে না
- থামানো এবং তল্লাশি করার রেকর্ডের প্রতিলিপি বা একটি রিসিট আপনাকে অবশ্যই দেওয়া হবে, এবং পেতে পারেন।
- আপনার অভিযোগ করার অধিকার আছে।

দ্যা পুলিশ অ্যান্ড ক্রাইম কমিশনার ফর গোয়েন্ট

আমাদের এলাকার পুলিশি তদারকির জন্য পুলিশ অ্যান্ড ক্রাইম কমিশনার দায়বদ্ধ। তিনি গোয়েন্ট পুলিশের থামানো এবং তল্লাশি করার ক্ষমতার ব্যবহারকে নিরীক্ষণ করেন এবং ফোর্সকে জবাবদিহিতার আওতায় নিয়ে আসেন।

যদি আপনাকে গোয়েন্টে থামানো এবং তল্লাশি করা হয়ে থাকে তবে আপনি আমাদেরকে আপনার অভিজ্ঞতার ব্যাপারে বলতে পারেন। আমাদের এলাকায় থামানো এবং তল্লাশি করার পদ্ধতিকে উন্নত করার জন্য আমাদের ওয়েবসাইট www.gwent.pcc.police.uk-এর স্টপ অ্যান্ড সার্চ পৃষ্ঠাগুলো দেখুন।।

যদি আপনি মনে করেন যে তল্লাশি করার সময়ে আপনার সাথে অন্যায় আচরণ করা হয়েছে সেক্ষেত্রে আপনি professionalstandards@gwent.pnn.police.uk এ ইমেইল ঠিকানায় অভিযোগ করতে পারেন বা আপনি কমিশনার-এর অফিসে Commissioner@gwent.pnn.police.uk-এ যোগাযোগ করতে পারেন।

Swyddfa Comisiynydd Yr Heddlu a Throseddu GWENT Office of Police and Crime Commissioner

1336_01

STOP& SEARCH

KNOW YOUR RIGHTS

Stop and search is a valuable policing tool which helps to keep our communities safe. Everyone has a duty to help police officers prevent crime and catch offenders; public co-operation is essential to make sure that stop and search is used properly.

The police know that being searched is an inconvenience and should make the experience as brief as possible. But in the interest of public safety the search must be thorough. It will help speed up the process if you try to stay calm and co-operate with the officer.

Swyddfa Comisiynydd Yr Heddlu a Throseddu GWENT Office of Police and Crime Commissioner